দৈনিক বাংলা

তাং 16 AUG 1988
পৃষ্ঠা ৭ কলাম ১





সোমবার বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের একটি প্রতিনিধি দল প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন

# এরশাদের সঙ্গে শিক্ষক সমিতি ফেডারেশন দলের আলোচনা

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সঙ্গে গতকাল প্রেসিডেন্টের সচিবালয়ে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের একটি প্রতিনিধি দল ফেডারেশনের অস্থায়ী মহাসচিব প্রিন্সিপাল এ কে এম শহীদুল্লার নেতৃত্বে এক সাক্ষাৎকারে মিলিত হন।

বাসসর খবরে বলা হয় প্রতিনিধি দল প্রেসিডেন্টকে শিক্ষা খাতের বিভিন্ন সমস্যাবলী সম্পর্কে অবহিত করেন। উল্লেখ্য প্রেসিডেন্ট ফেডারেশনেরও চেয়ার

(তিন-এর পৃঃ দ্রঃ)

## আলোচনা

(১ম পৃঃ পর)

ম্যান।

প্রতিনিধি দল ফেডারেশনের সাংগঠনিক বিষয়াদি নিয়েও আলোচনা করেন।

প্রেসিডেন্ট ধৈর্যসহকারে প্রতিনিধি দলের বক্তব্য শ্রবণ করেন এবং আশ্বাস দেন যে তিনি যতদূর সম্ভব সমস্যাদি দেখবেন।

উপপ্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমেদ ও শিক্ষা মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ এ সময়ে উপস্থিত ছিলেন।